পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
অতীব জরুরি
সময় নির্ধারিত
প্রাপ্ত নং
তারিখঃ

innovate for all

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
আইসিটি টাওয়ার, ই-১৪/এক্স, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা- ১২০৭
www.a2i.gov.bd

স্মারক নং- ৫৬.৪২.০০০০.৮০১.১৯.০০.২০২০. ৬৫ তারিখ: ১৬/০১/২০২০

বিষয়: আন্তর্জাতিক 'WSIS পুরস্কার ২০২০'-এর চূড়ান্ত পর্বে কিশোর বাতায়নকে বিজয়ী করার লক্ষ্যে অনলাইনে ভোট প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী গত ১লা ফেব্রুয়ারি ২০১৮ তারিখ অমর একুশে বইমেলায় কিশোর-কিশোরীদের জন্য শিক্ষা-বিনোদনমূলক অনলাইন প্ল্যাটফর্ম কিশোর বাতায়ন উদ্বোধন করেন। অদ্যাবধি মাধ্যমিক স্কুলের শিক্ষার্থীদের উপযোগী শিক্ষা সচেতনতামূলক কন্টেন্ট, মজার ও হাতে কলমে বিজ্ঞান, লাইফ স্কিল, সাইবার সিকিউরিটি, মিডিয়া লিটারেসি, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য ও মানসিক বিকাশ, শিশুতোষ চলচ্চিত্র, শিক্ষামূলক কমিক্স প্রভৃতি উপকরণ কিশোর বাতায়নের মাধ্যমে সকল বিদ্যালয়ে ছড়িয়ে পড়েছে। ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং তথ্য প্রযুক্তি বিভাগের সমন্বয়ে টানা ৩য় বারের মত কিশোর বাতায়নের মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে ফুলবন্ধু কুইজ প্রতিযোগিতা। প্রায় এক লক্ষ শিক্ষার্থী সরাসরি অনলাইনে এই প্রতিযোগিতাসমূহে অংশ নিয়েছে।

সম্প্রতি বয়ঃসন্ধিকালীন প্রজনন স্বাস্থ্য ও অধিকার এবং জেন্ডার সমতা নিয়ে নির্মিত শাহানা কার্টুনের নির্বাচিত এপিসোড শ্রেণিকক্ষে ব্যবহার কার্যক্রম উদ্বোধন করেন মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি। অনুষ্ঠানটি সোশাল মিডিয়ায় লাইভ করা হয় এবং কিশোর বাতায়ন ও শিক্ষক বাতায়নের মাধ্যমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শেয়ার করা হয়। প্রায় ৮২ হাজার শিক্ষক, শিক্ষার্থী এবং দর্শক লাইভ অনুষ্ঠানটি দেখেছেন। সকল মাধ্যমিক বিদ্যালয়ে শ্রেণিপাঠে কিশোর বাতায়নের মাধ্যমে শাহানা কার্টুন ব্যবহারের নির্দেশনা ইতোমধ্যেই মাউশি কর্তৃক জেলা শিক্ষা কর্মকর্তাদের দেয়া হয়েছে।

উল্লেখ্য যে, তথ্যপ্রযুক্তি খাতে অন্যতম সম্মানজনক আন্তর্জাতিক পুরস্কার 'WSIS ২০২০'-এর চূড়ান্ত পর্বে মনোনয়ন পেয়েছে কিশোর বাতায়ন (www.konnect.edu.bd)। এটি শিক্ষা পরিবারের সকলের জন্য একটি গৌরবের বিষয়। কিশোর বাতায়নকে অনলাইন ভোটিং এর মাধ্যমে বিশ্বমঞ্চে বিজয়ী করতে সকল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ প্রয়োজন। আগামী ২৪ জানুয়ারি ২০২০ ভোটিং এর শেষ তারিখ। অনলাইন ভোটিং এর লিংক ও নির্দেশনা জাতীয় তথ্য বাতায়ন, শিক্ষক বাতায়ন বা কিশোর বাতায়নে পাওয়া যাবে।

এমতাবস্থায়, জেলা এবং উপজেলা পর্যায়ে শিক্ষা কর্মকর্তাদের তত্ত্বাবধানে আইসিটিফরই অ্যাম্বাসেডর ও আইসিটিতে দক্ষ শিক্ষকদের সহযোগিতায় মাঠ পর্যায়ে স্বতঃস্ফূর্তভাবে কিশোর বাতায়ন ভোটিং কার্যক্রমে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

১৬/০১/২০২০
মোহাম্মদ রফিকুল ইসলাম
এডুকেশনাল টেকনোলজি এক্সপার্ট
এটুআই প্রোগ্রাম, আইসিটি ডিভিশন
ইমেইলঃrafiqul.islam@a2i.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি:
১। প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি ডিভিশন, ঢাকা;
২। অফিস কপি।

ভোট দেয়ার ৭টি সহজ ধাপ

১. নতুন ইউজার হলে https://bit.ly/2FpYP88 লিংকে গিয়ে রেজিস্টার করুন (মনে রাখবেন পাসওয়ার্ড সেট করতে কমপক্ষে একটি ক্যাপিটাল লেটার এবং একটি চিহ্ন দিতে হবে।)

২. আপনার ইমেইল ইনবক্স থেকে রেজিস্ট্রেশন কনফার্ম করুন এবং লগইন করুন।

৩. https://bit.ly/2QMbwzs লিংক থেকে বিভিন্ন ক্যাটাগরিতে ভোট প্রদান করুন।

৪. ভোটিং ফর্ম থেকে AL C1. The role of governments and all stakeholders in the promotion of ICTs for development থেকে Digital Service Design Lab: An Innovative Model for Rapid Digital Service Design–কে ভোট প্রদান করুন।

৫. উপরের ড্রপ ডাউন লিস্ট থেকে AL C7. E-business সিলেক্ট করে ekShop–কে ভোট প্রদান করুন।

৬. ড্রপ ডাউন লিস্ট থেকে AL C7. E-employment সিলেক্ট করে National Skills Portal–কে ভোট প্রদান করুন।

৭. পুনরায় ড্রপ ডাউন লিস্ট থেকে AL C7. E-science সিলেক্ট করে Konnect: An adolescents' education, soft skills and counseling platform –কে ভোট প্রদান করুন।

ভোট প্রদানের শেষ দিন ২৪ জানুয়ারি, ২০২০। আজই ভোট দিন। বাংলাদেশকে আরও একবার নিয়ে যান বৈশ্বিক মর্যাদার আসনে।

১৬.০১.২০২০

ICT Tower, Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207
88 02 55006931-35, 37-40 88 02 55006936 a2i@a2i.gov.bd
www.a2i.gov.bd /a2ibangladesh /a2ibangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০১.২০১৭.৫১

তারিখ : ০৫ মাঘ ১৪২৬ / ১৯ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ/কুমিল্লা অঞ্চল। (পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। জেলা শিক্ষা অফিসার,------------------------------------ (সকল ) ।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৩। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা,-------------------------------- (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার,------------------------------------- (সকল)।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৫। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক(মাধ্যমিক-১)
ফোনঃ ৯৫৬১২৫৪।
Email: addshesecondary1@gmail.com